গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dip.gov.bd

স্মারক নং: ৫৮.০১.০০০০.২০২.৭৭.০০৬.১৯ / 88

তারিখ : ২২ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ।
০৭ জানুয়ারী ২০২০ খ্রিষ্টাব্দ।

**বিষয়: বাংলাদেশে আধুনিক প্রযুক্তি নির্ভর ই-পাসপোর্ট ব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে নতুনভাবে ই-পাসপোর্ট ফরম প্রণয়ন এবং ই-পাসপোর্ট সংক্রান্ত ফি নির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র:স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সেবা সুরক্ষা বিভাগের বহিরাগমন শাখা-০১ এর স্মারক নং-৫৮.০০.০০০০.০৪০.০১.০০৩.১৬-১২৩৪, তারিখ:১২/১২/২০১৯ খ্রিঃ ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পৃষ্ঠাংকিত পত্রটির মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

7.1.2020

(মো: সাহজাহান কবির)
সহকারী পরিচালক (পাসপোর্ট)
মহাপরিচালকের পক্ষে
adpassport@passport.gov.bd

বিতরণঃ (কার্যার্থে)
১। বাংলাদেশ দূতাবাস (সকল)।
২। পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস (সকল)।
৩। সিস্টেম এনালিস্ট , ডাটা সেন্টার, প্রধান কার্যালয়, ঢাকা। (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৪। উপপরিচালক/সহকারী পরিচালক/উপ-সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস (সকল)।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):**
০১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক (মাসব্য ও অর্থ/পাসপোর্ট, ভিসা ও ইমিগ্রেশন), পরিচালক (প্রশাসন ও অর্থ/পাসপোর্ট, ভিসা ও পরিদর্শন), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
বহিরাগমন শাখা-১
www.ssd.gov.bd

নং - ৫৮.০০.০০০০.০৪০.০১.০০৩.১৬-১২৩৪

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ / ১২ ডিসেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

# পরিপত্র

বিষয় : বাংলাদেশে আধুনিক প্রযুক্তি নির্ভর ই-পাসপোর্ট ব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে নতুনভাবে ই-পাসপোর্ট ফরম প্রণয়ন এবং ই-পাসপোর্ট সংক্রান্ত ফি নির্ধারণ প্রসঙ্গে।

বাংলাদেশী পাসপোর্টের গ্রহণযোগ্যতা বৃদ্ধিকরণ এবং পাসপোর্টের নিরাপত্তা অধিকতর নিশ্চিতকরণসহ বিদেশ ভ্রমণ ও ইমিগ্রেশন প্রক্রিয়া সহজিকরণের লক্ষ্যে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক আধুনিক প্রযুক্তি নির্ভর ই-পাসপোর্ট ব্যবস্থা প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ সিদ্ধান্ত বাস্তবায়নের অংশ হিসেবে ই-পাসপোর্ট প্রাপ্তির আবেদন ফরম নতুনভাবে প্রণয়ন করা হয়েছে যা অনলাইন ও অফলাইন উভয় প্রক্রিয়ায় পূরণ করে আবেদনকারিগণ যথানিয়মে জমা প্রদান করতে পারবেন। ই-পাসপোর্টের মেয়াদ হবে ০৫ (পাঁচ) বছর ও ১০ (দশ) বছর এবং পৃষ্ঠা সংখ্যা ৪৮ (আটচল্লিশ) ও ৬৪ (চৌষট্টি)। ই-পাসপোর্ট বিতরন প্রকৃতি তিন ধরণের হবে: (১) সাধারণ ক্যাটাগরি (২) জরুরি ক্যাটাগরি ও (৩) অতিব জরুরি ক্যাটাগরি।

২। এছাড়া, বিভিন্ন ক্যাটাগরির ই-পাসপোর্টের জন্য নতুনভাবে ফি নির্ধারণ করা হয়েছে। ই-পাসপোর্ট ফরম, ফরম পূরণের নির্দেশাবলি এবং ই-পাসপোর্ট ফি সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে পরিশিষ্ট 'ক' ও 'খ' আকারে এতদসঙ্গে প্রকাশ করা হলো।

৩। ই-পাসপোর্ট ফরম এবং ফি নির্ধারণ সংক্রান্ত সুরক্ষা সেবা বিভাগের ০১/০৮/২০১৯ তারিখে ৫৮.০০.০০০০.০৪০.০১.০০১.১১-৬১০ নং পরিপত্র এতদ্বারা বাতিল করা হলো।

(মোঃ মুনিম হাসান)
যুগ্মসচিব
ফোন: ৯৫৭৪৫২০
immi1@ssd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব ..............................মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৪। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫। সচিব ..................................মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৬। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৭। মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর/এনএসআই/ডিজিএফআই।
৮। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, এসবি, মালিবাগ, ঢাকা।
৯। প্রকল্প পরিচালক (ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রকল্প), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি:

১। অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

২-৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
(স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনস্থ সকল সংস্থা/দপ্তরসমূহকে অবহিতকরণের অনুরোধসহ)।

৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৭-৮। প্রোগ্রামার, আইসিটি সেল ,জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
(পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

ই-পাসপোর্ট আবেদন ফরম: (নতুন/ রি-ইস্যু)
e-Passport Application Form
(New/Re-Issue)

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর

**Government of the People's Republic of Bangladesh**
**Department of Immigration and Passports**
**www.dip.gov.bd**

**Please fill up the application form page 1 to 3 as per National ID/ Birth Registration Certificate. Legal action will be taken for false information.**
(অনুগ্রহপূর্বক জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদের তথ্য অনুযায়ী আবেদন ফরম পৃষ্ঠা ১ থেকে ৩ পূরণ করুন। ভুল তথ্য প্রদানের ক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।)

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| 1. | Online Registration ID (auto fill-up) | 2. | Online Payment Reference (auto fill-up) | 3. | Online Payment Amount (auto fill-up) | 4.* | Passport Office/ Bangladesh Mission (পাসপোর্ট অফিস/বাংলাদেশ মিশন) |
| 5.* | Passport Type (পাসপোর্টের ধরণ) | 6.* | Number of Pages (পাতার সংখ্যা) | 7.* | Duration of Passport (পাসপোর্টের মেয়াদ) | 8.* | Type of Delivery (বিতরণের ধরণ) |

***Note:** If you apply for e-Passport re-issue without any change, please fill in **Page 1 (SL No 1 to 37) only**.*

*(নোটঃ ই-পাসপোর্ট রি-ইস্যু আবেদনের ক্ষেত্রে যদি কোন পরিবর্তন না থাকে তবে কেবলমাত্র পৃষ্ঠা -১ **(ক্রমিক নং ১ থেকে ৩৭)** পূরণযোগ্য)*

| | | | |
|---|---|---|---|
| 9. | Previous Passport No.(if any) (পূর্ববর্তী পাসপোর্ট নং যদি থাকে) | 10. | Date of Issue (ইস্যুর তারিখ) |
| 11. | Date of Expiry (মেয়াদোত্তীর্ণের তারিখ) | 12. | Reason for Re-Issue (রি-ইস্যুর কারণ) |

## Personal Information (ব্যক্তিগত তথ্য)

| | | | |
|---|---|---|---|
| 13.* | Full Name (as per NID/BRC) (পূর্ণ নাম জাতীয় পরিচয়পত্র /জন্ম নিবন্ধন সনদ অনুযায়ী) | | |
| 14. | Given Name (প্রদত্ত নাম/ নামের প্রথম অংশ) | 15.* | Surname (বংশগত নাম/নামের শেষ অংশ) |
| 16.* | Date of Birth (জন্ম তারিখ) | 17.* | Country of Birth (জন্মভূমি) |
| 18.* | District of Birth (জন্ম জেলা) | 19.* | Place of Birth (জন্মস্থান) |
| 20.* | Gender (নারী/ পুরুষ/ অন্যান্য) | 21.* | Religion (ধর্ম) |
| 22. | National ID No. (জাতীয় পরিচয়পত্র নং) | 23. | Birth Registration No. (জন্মনিবন্ধন নং) |
| 24.* | Type of Citizenship (নাগরিকত্বের ধরণ) | 25. | Dual Citizenship Status (দ্বৈত নাগরিকত্ব) |
| 26. | Country name in case of other Citizenship (অন্য দেশের নাগরিকত্ব থাকলে সেই দেশের নাম) | 27. | Foreign Passport No. (বিদেশি পাসপোর্ট নং) |
| 28.* | Marital Status (বৈবাহিক অবস্থা) | 29.* | Profession (পেশা) |
| 30.* | Contact No. (যোগাযোগের নম্বর) | 31. | e-mail (ই-মেইল) |

## Additional Information for Official and Diplomatic Passport (সরকারি এবং কূটনৈতিক পাসপোর্টের ক্ষেত্রে অতিরিক্ত তথ্য)

| | | | |
|---|---|---|---|
| 32. | GO/NOC/Others (জিও/এনওসি/অন্যান্য) | 33. | Issuing Authority (ইস্যুকারী কর্তৃপক্ষ) |
| 34. | Reference No. (স্মারক নং) | 35. | Date (তারিখ) |
| 36. | Date of Retirement (অবসর গ্রহণের তারিখ) | 37. | Passport Application for (যার জন্য পাসপোর্ট আবেদন) |

*ote: If you apply for e-Passport re-issue and need changes, please fill up related information in Pages 2-3.*

*(নোটঃ ই-পাসপোর্ট রি-ইস্যু আবেদনের ক্ষেত্রে তথ্যের পরিবর্তন চাইলে প্রযোজ্য ক্ষেত্রে পৃষ্ঠা ২-৩ পূরণযোগ্য)*

## Applicant's Permanent Address (আবেদনকারীর স্থায়ী ঠিকানা )

| | | | |
|---|---|---|---|
| 38.* | District (জেলা) | 39.* | Police Station (থানা) |
| 40.* | Post Office (ডাকঘর) | 41.* | Postal Code (পোস্টাল কোড) |
| 42.* | City/Village/House (শহর/গ্রাম/বাড়ি) | 43.* | Road/Block/Sector (রাস্তা/ব্লক/সেক্টর) |

## Applicant's Present Address (Bangladesh or abroad) (আবেদনকারীর বর্তমান ঠিকানা)

| | | | |
|---|---|---|---|
| 44.* | Country (দেশ) | | |
| 45.* | District (জেলা) | 46.* | Police Station (থানা) |
| 47.* | Post Office (ডাকঘর) | 48.* | Postal Code (পোস্টাল কোড) |
| 49.* | City/Village/House (শহর/গ্রাম/বাড়ি) | 50.* | Road/Block/Sector (রাস্তা/ব্লক/সেক্টর) |

## Parental Information (মাতা-পিতার তথ্য)

| | | | |
|---|---|---|---|
| 51.* | Father's Name (as per NID/BRC) পিতার নাম (জাতীয় পরিচয়পত্র /জন্মনিবন্ধন সনদ অনুযায়ী) | 52.* | Father's Nationality (পিতার জাতীয়তা) |
| 53. | Father's National ID No. (পিতার জাতীয় পরিচয়পত্র নং) | 54.* | Father's Profession (পিতার পেশা) |
| 55.* | Mother's Name (as per NID/BRC) মাতার নাম (জাতীয় পরিচয়পত্র /জন্মনিবন্ধন সনদ অনুযায়ী) | 56.* | Mother's Nationality (মাতার জাতীয়তা) |
| 57. | Mother's National ID No. (মাতার জাতীয় পরিচয়পত্র নং) | 58.* | Mother's Profession (মাতার পেশা) |
| 59. | Guardian's Name- if applicable (as per NID/BRC) অভিভাবকের নাম- প্রযোজ্য হলে (জাতীয় পরিচয়পত্র /জন্মনিবন্ধন সনদ অনুযায়ী) | 60. | Guardian's Nationality (অভিভাবকের জাতীয়তা) |
| 61. | Guardian's National ID No. (অভিভাবকের জাতীয় পরিচয়পত্র নং) | 62. | Guardian's Profession (অভিভাবকের পেশা) |

## Spouse Information (স্বামী/স্ত্রী তথ্য )

| | | | |
|---|---|---|---|
| 63. | Spouse's Name (as per NID/BRC) স্বামী/স্ত্রীর নাম (জাতীয় পরিচয়পত্র /জন্মনিবন্ধন সনদ অনুযায়ী) | 64. | Spouse's Nationality (স্বামী/ স্ত্রীর জাতীয়তা) |
| 65. | Spouse's National ID No. (স্বামী/স্ত্রীর জাতীয় পরিচয়পত্র নং) | 66. | Spouse's Profession (স্বামী/ স্ত্রীর পেশা) |

## Emergency Contact (জরুরি যোগাযোগের ঠিকানা)

| | | | |
|---|---|---|---|
| 67.* | Name (নাম) | | |
| 68.* | Relationship (আবেদনকারীর সাথে সম্পর্ক) | 69.* | Country (দেশের নাম) |
| 70.* | District (জেলা) | 71.* | Police Station (থানা) |
| 72.* | Post Office (ডাকঘর) | 73.* | Postal Code (পোস্টাল কোড) |
| 74.* | City/Village/House (শহর/গ্রাম/বাড়ি) | 75.* | Road/Block/Sector (রাস্তা/ব্লক/সেক্টর) |
| 76.* | Contact No. (যোগাযোগের নম্বর) | 77. | e-mail (ই-মেইল) |

## Pre-Police Clearance Information, if Applicable (প্রাক-পুলিশ প্রতিবেদনের তথ্য, প্রযোজ্য ক্ষেত্রে)

| | | | |
|---|---|---|---|
| 78. | Reference No. (স্মারক নং) | 79. | Date (তারিখ) |

## Information for Lost/Stolen Passports (হারানো/চুরি যাওয়া পাসপোর্টের তথ্য)

| | | | |
|---|---|---|---|
| 80. | G.D. No. (জিডি নং) | 81. | Date (তারিখ) |
| 82. | District of Police Station (সংশ্লিষ্ট থানার জেলা) | 83. | Police Station (থানা) |

## Payment Information (ফি সংক্রান্ত তথ্য )

| | | | |
|---|---|---|---|
| 84. | Bank Name (ব্যাংকের নাম) | 85. | Payment Reference No. (ফি'র রেফারেন্স নং) |
| 86. | Payment Date (ফি প্রদানের তারিখ) | 87. | Paid amount (জমাকৃত ফি) |

## List of Attachments (সংযুক্ত দলিলাদির তালিকা )

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| □ | Photocopy of National ID (জাতীয় পরিচয়পত্রের ফটোকপি) | □ | Photocopy of Previous Passport (পূর্ববর্তী পাসপোর্টের ফটোকপি) | □ | Photocopy of Birth Certificate (জন্ম নিবন্ধনের ফটোকপি) | □ | Photocopy of Marriage Certificate (নিকাহনামার ফটোকপি) |
| □ | NOC (ছাড়পত্রের মূলকপি) | □ | GO (সরকারি আদেশের কপি) | □ | Retirement Document (অবসর গ্রহণের প্রমাণপত্র) | □ | Pre-Police Clearance Certificate (প্রাক-পুলিশ প্রতিবেদনের মূলকপি) |
| □ | G.D. (জিডি'র মূলকপি) | □ | Others (অন্যান্য) | | | | |

## Declaration (অঙ্গীকারনামা)

আমি শপথ করে বলছি যে, আবেদন পত্রে প্রদত্ত সকল তথ্য সত্য। আমি পাসপোর্ট আইন ও বিধিবিধান সম্পর্কে অবগত আছি। কোন অসত্য তথ্য প্রদান অথবা কোন তথ্য গোপন করলে উক্ত আইন/বিধানাবলি আমার উপর আরোপযোগ্য হবে।

(I solemnly declare that all the information provided in this application is true. I am aware of the rules and regulations of Passport Act. I shall be subject to said passport act/regulations for any false information or hiding of any such information).

Date (তারিখ) ____________________

____________________________________

Signature of Applicant/Guardian (if Applicant is minor)

আবেদনকারী/অভিভাবকের (আবেদনকারী অপ্রাপ্ত বয়স্ক হলে) স্বাক্ষর

ই-পাসপোর্ট ফরম পূরণের নির্দেশাবলি:

১। ই-পাসপোর্টের আবেদনপত্র অনলাইনে পূরণ করা যাবে অথবা PDF ফরমেটে ডাউনলোড করেও এ ফরমটি পূরণ করা যাবে;

২। ই-পাসপোর্ট আবেদনের ক্ষেত্রে কোন কাগজপত্র সত্যায়ন করার প্রয়োজন হবে না;

৩। ই-পাসপোর্ট ফরমে কোন ছবি সংযোজন এবং তা সত্যায়নের প্রয়োজন হবে না;

৪। জাতীয় পরিচয়পত্র (NID) অথবা অনলাইন জন্ম নিবন্ধন (BRC) সনদ অনুযায়ী আবেদনপত্র পূরণ করতে হবে;

৫। অপ্রাপ্ত বয়স্ক (১৮ বছরের কম) আবেদনকারি যার জাতীয় পরিচয়পত্র (NID) নাই, তার পিতা অথবা মাতার জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে;

৬। জাতীয় পরিচয়পত্র (NID) অথবা অনলাইন জন্ম নিবন্ধন (BRC) সনদ নিম্নোক্ত বয়স অনুসারে দাখিল করতে হবে;

(ক) ১৮ বছরের নিম্নের হলে অনলাইন জন্ম নিবন্ধন (BRC) সনদ;

(খ) ১৮-২০ বছর হলে জাতীয় পরিচয়পত্র (NID) অথবা অনলাইন জন্ম নিবন্ধন (BRC) সনদ;

(গ) ২০ বছরের উর্ধে হলে জাতীয় পরিচয়পত্র (NID) আবশ্যক। তবে বিদেশস্থ বাংলাদেশ মিশন হতে আবেদনের ক্ষেত্রে অনলাইন জন্ম নিবন্ধন (BRC) সনদ গ্রহণযোগ্য হবে;

৭। তারকা চিহ্নিত ক্রমিক নম্বরগুলো অবশ্যই পূরণীয়;

৮। দত্তক/অভিভাবকত্ব গ্রহণের ক্ষেত্রে পাসপোর্টের আবেদনের সাথে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে জারিকৃত আদেশ দাখিল করতে হবে;

৯। আবেদন বর্তমান ঠিকানা সংশ্লিষ্ট বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস/আঞ্চলিক পাসপোর্ট অফিস/বিদেশস্থ বাংলাদেশ মিশনে দাখিল করতে হবে;

১০। ১৮ বছরের নিম্নের এবং ৬৫ বছরের উর্ধ্বে সকল আবেদনে ই-পাসপোর্ট এর মেয়াদ হবে ০৫ বছর;

১১। প্রাসঙ্গিক টেকনিক্যাল সনদসমূহ (যেমন: ডাক্তার, ইঞ্জিনিয়ার, ড্রাইভার ইত্যাদি) আপলোড/সংযোজন করতে হবে;

১২। প্রযোজ্য ক্ষেত্রে প্রাসঙ্গিক জিও (GO)/এনওসি (NOC)/প্রত্যয়নপত্র/অবসরোত্তর ছুটির আদেশ (PRL Order)/ পেনশন বই আপলোড/সংযোজন করতে হবে, যা ইস্যুকারী কর্তৃপক্ষের নিজ নিজ Website এ আপলোড থাকতে হবে;

১৩। প্রযোজ্য ক্ষেত্রে বিবাহ সনদ/নিকাহনামা এবং বিবাহ বিচ্ছেদের ক্ষেত্রে তালাকনামা দাখিল করতে হবে;

১৪। দেশের অভ্যন্তরে আবেদনের ক্ষেত্রে প্রযোজ্য ফি এর উপর নির্ধারিত হারে ভ্যাট (VAT) সহ অন্যান্য চার্জ (যদি থাকে) অতিরিক্ত হিসেবে প্রদেয় হবে। বিদেশে আবেদনের ক্ষেত্রেও সরকার কর্তৃক নির্ধারিত ফি প্রদেয় হবে;

১৫। কূটনৈতিক পাসপোর্টের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার ও ওয়েলফেয়ার উইং (Consular and Welfare Wing) অথবা ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রধান কার্যালয় বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে;

১৬। বৈদেশিক মিশন হতে নতুন পাসপোর্টের জন্য আবেদন করা হলে স্থায়ী ঠিকানার কলামে বাংলাদেশে যোগাযোগের ঠিকানা উল্লেখ করতে হবে;

১৭। অতি জরুরি পাসপোর্টের আবেদনের ক্ষেত্রে (নতুন ইস্যু) নিজ উদ্যোগে পুলিশ ক্লিয়ারেন্স সনদ সংগ্রহপূর্বক আবশ্যিকভাবে আবেদনের সাথে দাখিল করতে হবে;

১৮। (ক) দেশের অভ্যন্তরে অতি জরুরী পাসপোর্ট প্রাপ্তির লক্ষ্যে আবেদনের সাথে পুলিশ ক্লিয়ারেন্স দাখিল করা হলে অন্যান্য সকল তথ্য সঠিক থাকা সাপেক্ষে ২ কর্মদিবসের মধ্যে পাসপোর্ট প্রদান করা হবে।

(খ) দেশের অভ্যন্তরে জরুরী পাসপোর্ট প্রাপ্তির লক্ষ্যে আবেদনের সাথে পুলিশ ক্লিয়ারেন্স দাখিল করা হলে অন্যান্য সকল তথ্য সঠিক থাকা সাপেক্ষে ৭ কর্মদিবসের মধ্যে পাসপোর্ট প্রদান করা হবে।

(গ) দেশের অভ্যন্তরে রেগুলার পাসপোর্ট প্রাপ্তির লক্ষ্যে আবেদনের সাথে পুলিশ ক্লিয়ারেন্স দাখিল করা হলে অন্যান্য সকল তথ্য সঠিক থাকা সাপেক্ষে ১৫ কর্মদিবসের মধ্যে পাসপোর্ট প্রদান করা হবে।

১৯। আবেদনের সময় মূল জাতীয় পরিচয়পত্র (NID), অনলাইন জন্ম নিবন্ধন (BRC) এবং প্রযোজ্য ক্ষেত্রে টেকনিক্যাল সনদ, সরকারি আদেশ (GO)/অনাপত্তি (NOC) প্রদর্শন/দাখিল করতে হবে;

২০। পাসপোর্ট রি-ইস্যুর ক্ষেত্রে মূল পাসপোর্ট প্রদর্শন করতে হবে;

২১। হারানো পাসপোর্টের ক্ষেত্রে মূল জিডির কপি প্রদর্শন/দাখিল করতে হবে;

২২। ০৬ বছর বয়সের নিম্নের আবেদনের ক্ষেত্রে 3D সাইজের ছবি দাখিল করতে হবে।

ই-পাসপোর্ট এর জন্য নিম্নবর্ণিত হারে ফি নির্ধারণ করা হলো:

ক) বাংলাদেশে আবেদনকারীদের জন্য ই-পাসপোর্ট ফি:

| পৃষ্ঠা সংখ্যা | মেয়াদ | বিতরণের ধরন | | |
|---|---|---|---|---|
| | | সাধারণ | জরুরি | অতীব জরুরি |
| ৪৮ পৃষ্ঠা | ০৫ বছর | ৩,৫০০ টাকা | ৫,৫০০ টাকা | ৭,৫০০ টাকা |
| | ১০ বছর | ৫,০০০ টাকা | ৭,০০০ টাকা | ৯,০০০ টাকা |
| ৬৪ পৃষ্ঠা | ০৫ বছর | ৫,৫০০ টাকা | ৭,৫০০ টাকা | ১০,৫০০ টাকা |
| | ১০ বছর | ৭,০০০ টাকা | ৯,০০০ টাকা | ১২,০০০ টাকা |

খ) বিদেশে বাংলাদেশ দূতাবাসে সাধারণ আবেদনকারীদের জন্য ই-পাসপোর্ট ফি:

| পৃষ্ঠা সংখ্যা | মেয়াদ | বিতরণের ধরন | |
|---|---|---|---|
| | | সাধারণ | জরুরি |
| ৪৮ পৃষ্ঠা | ০৫ বছর | ১০০ ইউএসডি | ১৫০ ইউএসডি |
| | ১০ বছর | ১২৫ ইউএসডি | ১৭৫ ইউএসডি |
| ৬৪ পৃষ্ঠা | ০৫ বছর | ১৫০ ইউএসডি | ২০০ ইউএসডি |
| | ১০ বছর | ১৭৫ ইউএসডি | ২২৫ ইউএসডি |

গ) বিদেশে বাংলাদেশ দূতাবাসে শ্রমিক ও শিক্ষার্থীদের জন্য ই-পাসপোর্ট ফি:

| পৃষ্ঠা সংখ্যা | মেয়াদ | বিতরণের ধরন | |
|---|---|---|---|
| | | সাধারণ | জরুরি |
| ৪৮ পৃষ্ঠা | ০৫ বছর | ৩০ ইউএসডি | ৪৫ ইউএসডি |
| | ১০ বছর | ৫০ ইউএসডি | ৭৫ ইউএসডি |
| ৬৪ পৃষ্ঠা | ০৫ বছর | ১৫০ ইউএসডি | ২০০ ইউএসডি |
| | ১০ বছর | ১৭৫ ইউএসডি | ২২৫ ইউএসডি |